# পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২২ তম সভার কার্যবিবরণী

গত ২২-২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২২ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

## (ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **নিউ লাইফ হসপিটাল (প্রা:) লিমিটেড; ২৫/এ, ২৫/বি, গ্রিন রোড, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৭০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৬তম সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, আলোচ্য হাসপাতালটি আবাসিক ভবনে অবস্থিত হওয়ায় পরিবেশগত ছাড়পত্রের আবেদনটি নামঞ্জুর করা হয়। পরবর্তীতে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ভবনের অনুমোদিত নকশাটি পর্যালোচনা করে দেখা যায় যে, এটি আবাসিক কাম বাণিজ্যিক ভবন এবং হাসপাতালটি ভবনটির বাণিজ্যিক অংশে অবস্থিত। বর্ণিত অবস্থায় পরিপ্রেক্ষিতে, আলোচ্য হাসপাতালের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ৭০ (সত্তর) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে এবং তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে শ্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ৫.১ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন WWTP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার WWTP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **MV. JULE (IMO NO.9138496), কিং স্টিলস, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ৯,৭২৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. JULE (IMO NO.9138496) স্ক্র্যাপ জাহাজ কিং স্টিলস নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

ধ) এসআরপ'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং ($O_2$, CO, $H_2S$, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নিনিরোধক, ফার্স্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

স) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **MV. PRO (IMO NO.9149378), জে. এম শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ; দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৭,২২৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. PRO (IMO NO.9149378) স্ক্র্যাপ জাহাজ জে. এম শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/২ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৪. **MV. ARMADA SEJATI (IMO NO.9031727), সিমনী শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ; ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,৩২১.৮১ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. ARMADA SEJATI (IMO NO.9031727) স্ক্র্যাপ জাহাজ সিমনী শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/২ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৫. **আর কে পাওয়ার টেক; ১/২, মৈরান, গাছা, গাজীপুর সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ড্রাই লেড অ্যাসিড ব্যাটারি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক ১৪০ সংখ্যক লেড অ্যাসিড/ড্রাই ব্যাটারি প্রস্তুতের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহার জন্য বিদেশ থেকে কোনো প্রকার বর্জ্য আমদানী করা যাবে না।

গ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে গ্যাসীয় নিঃসরণ বিশেষ করে লেড এবং বস্তুকণার নিঃসরণ বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০২২-এর তফসিল ৫ এর ১১(ক) এ উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা।

ঙ) কারখানাসৃষ্ট প্লাস্টিক জাতীয় কঠিন বর্জ্য রিসাইক্লিং করতে হবে।

চ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২ ঘনমিটার/ঘণ্টা পরিশোধন ক্ষমতার তরল বর্জ্য পরিশোধনাগারের (ইটিপি) মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোন বাইপাস লাইনের মাধ্যমে নির্গমণ করা যাবে না।

ছ) ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল ৫ এর ১০(ক) নং ক্রমিকে উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। কোনো সময় তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

জ) কারখানার সকল বায়বীয় নিঃসরণ ব্যাগ ফিল্টার ও স্ক্র্যাবারের মাধ্যমে পরিশোধনপূর্বক নিঃসরণ করতে হবে। স্ক্র্যাবারের পানি ETP এর মাধ্যমে পরিশোধন করতে হবে এবং কারখানার মেঝে পানি ছিটিয়ে ভেজা রাখতে হবে।

ঝ) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে অন্যত্র বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ঞ) কারখানার কাঁচামাল সংগ্রহের তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টারটি পরীক্ষা করা হবে। কারখানায় Good House-keeping ব্যবস্থা বজায় রাখতে হবে।

ট) কারখানার জেনারেটর থেকে নির্গত নির্গত ধোঁয়া নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, পানিরোধক সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ড) প্রত্যেক শ্রমিকের জন্য পৃথকভাবে কর্মকালীন পোশাক এবং জুতা পরিবর্তনের জন্য Changing Room রাখতে হবে। প্রতিদিনের কর্মকালীন পোশাক প্রতিদিন ওয়াশের ব্যবস্থা রাখতে হবে এবং এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনের ব্যবস্থা রাখতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে অন্যান্য সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। অত্র দপ্তর হতে আকস্মিক পরিদর্শনের সময় তা দেখাতে হবে।

ণ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য পরিবেশ বিষয়ে যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিনমাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সারসংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ত) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

থ) কারখানার চত্বরে উপযুক্ত প্রজাতির দেশি জাতের ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

দ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, SS and Pb) এবং কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (PM and Pb) এর ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ধ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে স্বয়ংক্রিয় পদ্ধতির লেড অক্সাইড (পাওডার) ব্যাগিং ও সিলিং সিস্টেম গড়ে তুলতে হবে।

ন) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

প) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **সেইন্টস আইল এন্টারপ্রাইজ; সাওঘাট, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫ মেট্রিক টন ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৩০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য Screw Press Filter যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে এসটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিল করতে হবে।

ত) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **জে. এল ফ্যাশনস লিমিটেড; বানিয়ারচালা, ভবানীপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিম উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র প্রতি ঘন্টায় ৪ টন ক্ষমতাসম্পন্ন চারকোল বয়লার পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) বয়লারের জ্বালানী হিসাবে চারকোল ব্যবহার করতে হবে। প্লাস্টিক বা কোন বিপজ্জনক বর্জ্য বা দ্রব্য (Hazardous waste or materials) পুড়ানো যাবেনা।

গ) বয়লারের জ্বালানী দহনের ফলে সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণের জন্য স্থাপিত Dust Collector কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) চারকোল দহনের ফলে সৃষ্ট গ্যাসীয় নিঃসরণ (Particulate Matters, $SO_2$ এবং NOx) মাত্রা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ২ এ উল্লিখিত মানদণ্ডের মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানদণ্ড অতিক্রম হতে পারবে না।

ঙ) বয়লারের গ্যাসীয় নিঃসরণের জন্য চিমনীর উচ্চতা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ১ এ উল্লিখিত উচ্চতা অনুসরণ করতে হবে।

চ) চারকোল ইনসিনারেশনের ফলে সৃষ্ট ছাই (Fly ash) পরিবেশসম্মতভাবে সংরক্ষণ ও অপসারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক নবায়নের সময় দাখিল করতে হবে।

ছ) EMP প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

জ) প্রতিষ্ঠানের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঞ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ট) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঠ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **পাইলট স্কেল প্লাস্টিক পাইরোলাইসিস প্লান্ট; আদমপুর, বেরীবাঁধ, সদর, ফরিদপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল ও ব্ল্যাক কার্বন প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ফরিদপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ব্যবহৃত পলিথিন বা সিঙ্গেল ইউজড প্লাস্টিক হতে দৈনিক সর্বোচ্চ ৩০০ লিটার পাইরোলাইটিক অয়েল এবং ৪০ কেজি ব্ল্যাক কার্বন উৎপাদনের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) রিয়্যাক্টরে প্রাথমিক তাপের জন্য কাঠ ব্যবহার করা যাবে না। পাইরোগ্যাস অথবা পাইরোলাইটিক অয়েল জ্বালানী ব্যবহার করতে হবে।

গ) অতিরিক্ত পাইরোগ্যাস পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। সংরক্ষণ অনুপযোগী গ্যাস ন্যূনতম ৫০ ফুট উচ্চতার চিমনির মাধ্যমে Flare করতে হবে।

ঘ) রিয়্যাক্টরের তাপমাত্রা এবং চাপ পরিমাপ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকরভাবে চালু রাখতে হবে।

ঙ) রিয়্যাক্টরের অভ্যন্তরে অতিরিক্ত তাপ ও চাপ নিয়ন্ত্রণের জন্য Auto shut down valve এর ব্যবস্থা অথবা Programme Logic Controller (PLC) ইউনিট স্থাপন করতে হবে।

চ) Fugitive Emission রোধের জন্য রিয়্যাক্টরের যথাযথ Sealing নিশ্চিত করতে হবে।

ছ) কারখানার অভ্যন্তরে Fugitive emission প্রতিরোধে সার্বক্ষণিক পানি ছিটানোর ব্যবস্থা রাখতে হবে।

জ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্যের নির্গমণ ও গ্যাসীয় নিঃসরণ এবং বস্তুকনার নিঃসরণ নির্গমন যথাক্রমে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ ও বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না। কোনো সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা হবে।

ঝ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত ও পরবর্তীতে বাস্তবায়িত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঞ) উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য নিয়ন্ত্রণের জন্য স্থাপিত বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ট) কারখানার কার্যক্রম চালু করার জন্য বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স গ্রহণ করতে হবে।

ঠ) কারখানার অভ্যন্তরে পর্যাপ্ত ভেন্টিলেশনের ব্যবস্থা চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ণ) কারখানা চত্বরের উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ত) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **সিরাজগঞ্জ চেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড; খামারগ্রাম, এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১.৫০ টন সুতা ডাইং ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৬ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার CETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ডিওয়াটারিং সিস্টেম যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **একেএইচ ইকো এ্যাপারেলস লিমিটেড; (ব্লুট বয়লার), ৪৯৫, বালিথা, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিম উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র প্রতি ঘন্টায় ৩ টন ক্ষমতাসম্পন্ন চারকোল বয়লার পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) বয়লারের জ্বালানী হিসাবে চারকোল ব্যবহার করতে হবে। প্লাস্টিক বা কোন বিপজ্জনক বর্জ্য বা দ্রব্য (Hazardous waste or materials) পুড়ানো যাবেনা।

গ) বয়লারের জ্বালানী দহনের ফলে সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণের জন্য স্থাপিত Dust Collector কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) চারকোল দহনের ফলে সৃষ্ট গ্যাসীয় নিঃসরণ (Particulate Matters, $SO_2$ এবং NOx) মাত্রা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ২ এ উল্লিখিত মানদন্ডের মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানদন্ড অতিক্রম হতে পারবে না।

ঙ) বয়লারের গ্যাসীয় নিঃসরণের জন্য চিমনীর উচ্চতা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ১ এ উল্লিখিত উচ্চতা অনুসরণ করতে হবে।

চ) চারকোল ইনসিনারেশনের ফলে সৃষ্ট ছাই (Fly ash) পরিবেশসম্মতভাবে সংরক্ষণ ও অপসারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক নবায়নের সময় দাখিল করতে হবে।

ছ) EMP প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

জ) প্রতিষ্ঠানের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঞ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ট) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঠ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Integrated Water Resources Management of Haor Areas of Kishoreganj District; Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী ভাঙন প্রতিরোধ, নদী, খাল ও বিল পুন:খনন, পানি নিয়ন্ত্রন অবকাঠামো নির্মাণ/মেরামত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

২. **Sylhet-Charkhai-Sheola Highway Improvement Project under Roads & Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাস্তা সম্প্রসারণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

## (ঘ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **Construction of 4 Nos. Combined Water Control Structure and 2.30 Km Irrigation Canal under Rehabilitation of Tangon Barrage, Buri Bundh and Bhully Bundh Irrigation Projects, River bank protection and Construction of combined Water Control Structure; Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো ও সেচ খাল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **Dhaka City Emergency Water Supply Project; Dhaka WASA, Dhaka** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নলকূপ স্থাপন ও মেরামত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৩. **Drilling of wells no. Sylhet-11 (Development well) and Rashidpur-13 (Exploratory well); Sylhet Gas Fields Limited** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্যাস কূপ অনুসন্ধান): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৪. **Urban Development and City Governance Project under Local Government Engineering Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওভারপাস, ল্যান্ডফিল, ট্রান্সপোর্ট সুবিধা, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৫. **মুসতানজীদ মেডিসিটি কুষ্টিয়া, ১৩০, রাম চন্দ্র রায় চৌধুরী স্ট্রীট, কোর্টপাড়া, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে কুষ্টিয়া জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে ইআইএ প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) হাসপাতালটির কার্যক্রমের সৃষ্ট চিকিৎসা তরল বর্জ্য ও পয়ঃবর্জ্য সম্মিলিতভাবে পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ২.৫ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন WWTP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) হাসপাতালের WWTP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) WWTP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) হাসপাতালের পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। হাসপাতালের WWTP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং WWTP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ হাসপাতালে নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) হাসপাতাল চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) হাসপাতালের শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত হাসপাতালের কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

## (ঙ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **এভারওয়ে ইয়ার্ন ডাইং লিমিটেড; মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইয়ার্ন ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১২ টন ইয়ার্ন ডাইং প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৬০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

২. **আর.এইচ.ডেনিম এন্ড রিসাইক্লিং কম্পোজিট লিমিটেড; নওপাড়া, মাধবদী, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ডাইং কার্যক্রম): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নরসিংদী জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৪ টন বস্ত্র ডাইং কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে;

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে ইআইএ প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদনকালে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য কারখানাটিতে বিদ্যমান ২৪০০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন CETP এর মাধ্যমে পরিশোধন ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঘ) কারখানাটির তরল বর্জ্য CETP-তে নির্গমনের ইনলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) CETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঝ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ ইআইএ প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে। পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঞ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ট) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (চ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

